# সেকশন -৩
# অবলিখন নীতি ঃ

**১। বয়স প্রমাণ ঃ**

(ক) জীবন বীমার ক্ষেত্রে বয়স প্রমাণ একটি গুরুত্বপূর্ণ বিষয়। বয়সের উপর ভিত্তি করে বীমার প্রিমিয়াম নির্ণয় করা হয় এবং অবলিখন সংক্রান্ত চাহিদাদি বয়সের ভিত্তিতে চাওয়া হয়। আবার বয়স প্রমাণিত না হলে বীমার টাকা পাওয়া যায় না। সেই জন্য বীমা গ্রাহককে বয়সের প্রমাণ প্রস্তাব পত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। এখানে উল্লেখ্য যে, বীমা গ্রাহকের ঘোষিত / প্রমাণিত বয়স ও তার প্রকৃত বয়সের মধ্যে যদি সাত বৎসর বা তার বেশী পার্থক্য লক্ষ্য করা যায়, সে ক্ষেত্রে কোম্পানী বীমাপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**গ্রহণযোগ্য বয়স প্রমাণ ঃ**

১। মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাশের সার্টিফিকেট/ প্রবেশপত্র/ নিবন্ধন পত্র।

২। পাসপোর্ট।

৩। ভোটার তালিকা/ জাতীয় পরিচয় পত্র।

৪। চাকুরীর নথি থেকে উদ্ধৃতি (সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত বা বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গ)।

৫। জন্মের সময় ধারণকৃত মিউনিসিপ্যালিটি বা অন্যান্য রেকর্ডের প্রত্যায়নকৃত অংশ/ জন্মসনদ (পাসপোর্ট সাইজের সাম্প্রতিক কালে ২ কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে।)

৬। প্রস্তাবকের নিজস্ব ঘোষণা (সাময়িক হিসাবে বিবেচনা)।

৭। অন্যান্য ঃ বয়স প্রমাণ প্রস্তাবক সম্পর্কীয় অন্যান্য তথ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ না হলে গ্রহণযোগ্য নাও হতে পারে।

পুরুষ/মহিলা জীবনের ক্ষেত্রে বয়স প্রমানের জন্য নিজস্ব ঘোষনাপত্র দাখিল করা হলে নিজস্ব ঘোষনাপত্রের সাথে পাসপোর্ট সাইজের সাম্প্রতিক কালের ২ (দুই) কপি সত্যায়িত ছবি দাখিল করতে হবে। সকল বয়স কোম্পানীর ডেপুটি কন্ট্রোলার, জোনাল ম্যানেজার বা জেলা কো-অর্ডিনেটর বা তদুর্ধ্ব এবং সরকারী প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত হতে হবে। নিজস্ব ঘোষনাপত্রের মাধ্যমে বয়স প্রমাণ করা হলে এ ক্ষেত্রে প্রথম প্রিমিয়ামের পাকা রশিদে বয়স প্রমাণিত সীল ব্যবহার করা হবে না। এরূপ ক্ষেত্রে 'স্ব-ঘোষিত' কথাটি বয়সের নীচে উল্লেখ করতে হবে। এটি একটি সাময়িক বয়স প্রমাণ। পরবর্তীতে সন্তোষজনকভাবে বয়স প্রমাণ দাখিল করতে হবে।

**২। অসম্পূর্ণ প্রস্তাবপত্র ঃ**

কোম্পানীর নিকট জমাকৃত প্রস্তাবপত্র সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত বিবেচনার জন্য রাখা যাবে। এর বেশী সময় অতিবাহিত হলে ডাক্তারী পরীক্ষার খরচ এবং অন্যান্য আনুষঙ্গিক খরচ এজেন্টের নিকট থেকে আদায় করা হবে। যদি প্রস্তাব সংক্রান্ত কোন আনুষঙ্গিক চাহিদা এক মাসের মধ্যে প্রস্তাবক পূরণ না করেন তবে পলিসি সম্পূর্ণ করার জন্য "অবিরাম ভাল স্বাস্থ্যের ঘোষণাপত্র" প্রয়োজন হবে এবং তা এজেন্ট কিংবা সংগঠন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যথায় প্রস্তাবপত্র বিবেচনা করা যাবে না।

**৩। ডাক্তারী পরীক্ষাঃ**

ক) প্রস্তাবকের ডাক্তারী পরীক্ষা এবং প্যাথলজীক্যাল পরীক্ষা একই ডাক্তার দ্বারা করা যাবে না। তবে যে সব এলাকায় ভিন্ন ভিন্ন ডাক্তার পাওয়া যাবে না, সে সব এলাকায় একই ডাক্তার দ্বারা পরীক্ষা করানোর জন্য কর্তৃপক্ষের পূর্বানুমতি নিতে হবে।

খ) ডাক্তারী পরীক্ষার ক্ষেত্রে (FMR) অবশ্যই কোম্পানীর নিজস্ব ফরম ব্যবহার করতে হবে।

গ) যে সব এলাকায় কোম্পানীর নিয়োজিত ডাক্তার পাওয়া যাবে না, সেই সব এলাকায় অনুর্ধ্ব ৩ (তিন) লক্ষ টাকা বীমা ঝুঁকি অংক পর্যন্ত সরকারী ডাক্তার দ্বারা পরীক্ষা করানো যাবে।

ঘ) সিভিল সার্জন দ্বারা ডাক্তারী পরীক্ষা করানো হলে বীমা ঝুঁকি অংকের সর্বোচ্চ মাত্রা হবে ১০ (দশ) লক্ষ টাকা।

ঙ) প্রস্তাবক নিজস্ব পারিবারিক চিকিৎসক কর্তৃক কোন ডাক্তারী পরীক্ষা করতে পারবেন না। অথবা নিজে কোন ডাক্তার মনোনয়ন করতে পারবেন না। কোম্পানী অনুমোদিত ডাক্তার নিজের নিকট আত্মীয় বা সুপারিশকারী বীমা প্রতিনিধির নিজস্ব জীবনের প্রস্তাবের উপর ডাক্তারী পরীক্ষা করাতে পারবেন না।

**৪। টিপসহি দানকারী পুরুষ / মহিলাঃ**

**পুরুষ ঃ** প্রস্তাবক যদি স্বাক্ষর দিতে না জানেন, তাহলে বর্ণিত শর্তাবলী ও অবলিখন সীমা সাপেক্ষে প্রস্তাবপত্র ডাক্তারী পরীক্ষা বিহীন হিসাবে বিবেচনা করা যেতে পারে।

ক) প্রস্তাবকের সর্বোচ্চ বয়স হবে ৩৫ বছর, সর্বোচ্চ বীমা অংকের পরিমাণ হবে ৫০,০০০ টাকা এবং মেয়াদ পূর্তিতে বয়স হবে ৫৫ বছর।

খ) ডাক্তারী পরীক্ষা বিহীন প্রস্তাবকের ক্ষেত্রে বাম হাতের বৃদ্ধাঙ্গুলির টিপসই ব্যবসা সংগ্রহকারী সংগঠন কর্মকর্তাকে অবশ্যই প্রত্যায়ন করতে হবে।

গ) সকল ক্ষেত্রেই অনুরূপ প্রস্তাবকের গ্রহণযোগ্য বয়স প্রমাণ প্রস্তাবপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে।

ঘ) বয়স ৩৫ বছরের বেশী অথবা বীমা অংক ৫০,০০০ টাকার উর্ধ্বে হলে পূর্ণ ডাক্তারী ও মুত্র পরীক্ষা এবং প্রয়োজনবোধে অন্যান্য পরীক্ষার চাহিদা পূরণ করতে হবে।

**মহিলা ঃ**

ক) টিপসহি দানকারী (স্বাক্ষর দিতে না জানেন) মহিলাদের ক্ষেত্রে ডাক্তারী পরীক্ষা সহ অন্যান্য রিপোর্ট দাখিল করতে হবে।

খ) কর্পোরেট এবং হাসপাতাল পরিকল্পনা ছাড়া ক্ষেত্র বিশেষ অন্যান্য মূল বীমা দেয়া হবে।

গ) সকল ক্ষেত্রে অনুরূপ প্রস্তাবকের গ্রহণযোগ্য বয়স প্রমাণ প্রস্তাবপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে।

ঘ) প্রস্তাবিকার সর্বোচ্চ প্রস্তাবকালীন বয়স হবে ৩৫ বছর এবং মেয়াদ পূর্তিতে সর্বোচ্চ বয়স হবে ৫০ বছর এবং সর্বোচ্চ বীমা অংক ৫০,০০০/-

**৫। মহিলা প্রস্তাবিকার জন্য বিশেষ দ্রষ্টব্য ঃ**

ক) স্বপার্জিত আয় আছে এমন মহিলাদের ক্ষেত্রে আয়ের সনদপত্র দাখিল করতে হবে। যদি কোন মহিলা সরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ব্যাংক, বীমা বা কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে চাকুরী করেন তাহলে উক্ত প্রতিষ্ঠানের চাকুরির নিয়োগপত্র দাখিল করতে হবে।

খ) অনিয়মিত চাকুরি, প্রাইভেট টিউশনি, বাড়িতে সেলাই / হাঁস-মুরগী পালন ইত্যাদি স্বপার্জিত আয় হিসাবে গণ্য হবে না।

গ) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের ক্ষেত্রে অবশ্যই পরীক্ষা পাসের সনদপত্র দাখিল করতে হবে।

ঘ) গর্ভাবস্থায় থাকাকালীন সময় কোনো বীমা প্রস্তাবপত্র বিবেচনা যোগ্য নয়। শিশু জন্মের স্বাভাবিক প্রসবের ক্ষেত্রে ০৩ মাস এবং সিজারিয়ান প্রসবের ক্ষেত্রে ০৬ মাস পর যাবতীয় মেডিকেল রিপোর্ট দাখিল সাপেক্ষে প্রস্তাবপত্র বিবেচনা করা যেতে পারে। অনুরূপ ভাবে গর্ভাবস্থায় থাকাকালীন সময়ে তামাদী পলিসি পুনরুজ্জীবিত করা যাবে না।

ঙ) প্রস্তাবপত্র দাখিলের সময় বয়সের প্রমাণপত্র দিতে হবে।

**৬। অপ্রাপ্ত বয়স্ক জীবনের ক্ষেত্রে ঃ**

অপ্রাপ্ত বয়স্কদের (বয়স ১৮ বছরের নিচে) জীবন বীমা আইন অনুযায়ী "অপ্রাপ্ত বয়স্ক ধারা" অনুযায়ী গৃহিত হয়। এক্ষেত্রে প্রস্তাবপত্রে প্রস্তাবকারী স্বাক্ষরের সাথে প্রিমিয়ামদাতা হিসাবে অভিভাবকদের স্বাক্ষর জরুরী এবং এতদসংক্রান্ত বিষয়ে অভিভাবকের প্রিমিয়াম প্রদান বিষয়ে সম্মতি পত্র দাখিল করতে হবে। এছাড়া কোনরূপ বয়স প্রমাণ থাকলে নিজস্ব ঘোষণা দাখিল করা যেতে পারে।

৭ । জীবন বীমা ঝুঁকি গ্রহণের প্রাসঙ্গিক তথ্যাবলী ঃ

## S. S. C সনদপত্র সংযুক্ত প্রস্তাব পত্র (পুরুষ ও মহিলা)

| সর্বোচ্চ বীমা ঝুঁকি অংক | বীমা শুরুতে বয়স সীমা ৪০ বৎসর পর্যন্ত | বীমা শুরুতে বয়স সীমা ৪১-৪৫ বৎসর পর্যন্ত | বীমা শুরুতে বয়স সীমা ৪৫ বৎসর এর উর্ধ্বে | |
|---|---|---|---|---|
| ১,০০,০০০ পর্যন্ত | ডাক্তারী পরীক্ষার পরিবর্তে প্রস্তাবকের অতিরিক্ত বিবৃতি | ডাক্তারী পরীক্ষার পরিবর্তে প্রস্তাবকের অতিরিক্ত বিবৃতি | FMR, PUR, ESR, FBS & ECG | অবলিখন বিভাগ প্রয়োজন মনে করলে যে কোন বীমা অংকের এবং বয়সের ক্ষেত্রে যে কোন মেডিকেল রিপোর্ট চাইতে পারেন । |
| ১,০০,০০১-২,০০,০০০ পর্যন্ত | ডাক্তারী পরীক্ষার পরিবর্তে প্রস্তাবকের অতিরিক্ত বিবৃতি | ডাক্তারী পরীক্ষার পরিবর্তে প্রস্তাবকের অতিরিক্ত বিবৃতি | FMR, PUR, ESR, FBS & ECG | |
| ২,০০,০০১-৪,০০,০০০ পর্যন্ত | পুরুষের ক্ষেত্রেঃ ডাক্তারী পরীক্ষার পরিবর্তে প্রস্তাবকের অতিরিক্ত বিবৃতি । | পুরুষের ক্ষেত্রেঃ ডাক্তারী পরীক্ষার পরিবর্তে প্রস্তাবকের অতিরিক্ত বিবৃতি । | FMR, PUR, CBC, FBS. ECG & Chest X-Ray. | |
| | মহিলার ক্ষেত্রেঃ FMR, PUR, ESR, FBS & Chest X-Ray | মহিলার ক্ষেত্রেঃ FMR, PUR, CBC, FBS ECG & Chest X-Ray | | |
| ৪,০০,০০১-৬,০০,০০০ পর্যন্ত | FMR, PUR, CBC, FBS & Chest-X-Ray. | FMR, PUR, CBC, FBS ECG & Chest X-Ray. | FMR, PUR, CBC, GTT, ECG & Chest X-Ray. | সব ধরনের মেডিক্যাল ও প্যাথলজিক্যাল রিপোর্ট প্রস্তাবকের স্বাক্ষর, পরীক্ষাকারী ডাক্তারের দ্বারা সত্যায়িত হতে হবে । |
| ৬,০০,০০১-১০,০০,০০০ পর্যন্ত | FMR, PUR, CBC, FBS ECG & Chest X-Ray. | FMR, PUR, CBC, FBS, ECG & Chest X-Ray. | FMR, PUR, CBC, ECG, GTT & Chest X-Ray. | |
| ১০,০০,০০১-৩০,০০,০০০ পর্যন্ত | FMR, PUR, CBC, ECG, GTT & Chest X-Ray. | FMR, PUR, CBC, ECG GTT & Chest X-Ray. | FMR, PUR, CBC, ECG, GTT & Chest X-Ray. | |
| ৩০,০০,০০০ এর উর্ধ্বে | FMR, PUR, CBC, ECG, GTT, Chest X-Ray, AIDS & Others tests if Required | FMR, PUR, CBC, ECG, GTT, Chest X-Ray, AIDS & Others tests if Required | FMR, PUR, CBC, ECG, GTT, Chest X-Ray, AIDS & Others tests if Required | |

FMR = Full Medical Report
PUR = Pathological urine report
CBC = Complete blood count
ESR = Erythrocytes Sedimentation rate
FBS = Fasting blood sugar
GTT = Glucos Toleraance test
ECG = Electro Cardiogram

# S. S. C সনদপত্র বিহীন প্রস্তাব পত্র (পুরুষ ও মহিলা)

| সর্বোচ্চ বীমা ঝুঁকি অংক | বীমা শুরুতে বয়স সীমা ৪০ বৎসর পর্যন্ত | বীমা শুরুতে বয়স সীমা ৪১-৪৫ বৎসর পর্যন্ত | বীমা শুরুতে বয়স সীমা ৪৫ বৎসর এর উর্ধ্বে | |
|---|---|---|---|---|
| ১,০০,০০০ পর্যন্ত | NMDF | NMDF | FMR, PUR, ESR, FBS & ECG | অবলিখন বিভাগ প্রয়োজন মনে করলে যে কোন বীমা অংকের এবং বয়সের ক্ষেত্রে যে কোন মেডিকেল রিপোর্ট চাইতে পারেন। |
| ১,০০,০০১-২,০০,০০০ পর্যন্ত | NMDF | NMDF | FMR, PUR, ESR, FBS & ECG | |
| ২,০০,০০১-৪,০০,০০০ পর্যন্ত | পুরুষের ক্ষেত্রেঃ NMDF<br>মহিলার ক্ষেত্রেঃ FMR PUR, ESR, FBS & Chest X-Ray | পুরুষের ক্ষেত্রেঃ NMDF<br>মহিলার ক্ষেত্রেঃ FMR PUR, CBC, EBS, ECG & Chest X-Ray | FMR, PUR, CBC, FBS. ECG & Chest X-Ray. | |
| ৪,০০,০০১-৬,০০,০০০ পর্যন্ত | FMR, PUR, CBC, FBS & Chest-X-Ray. | FMR, PUR, CBC, FBS ECG & Chest X-Ray. | FMR, PUR, CBC, GTT, ECG & Chest X-Ray. | সব ধরনের মেডিক্যাল ও প্যাথলজিক্যাল রিপোর্ট প্রস্তাবকের স্বাক্ষর, পরীক্ষাকারী ডাক্তারের দ্বারা সত্যায়িত হতে হবে। |
| ৬,০০,০০১-১০,০০,০০০ পর্যন্ত | FMR, PUR, CBC, FBS ECG & Chest X-Ray. | FMR, PUR, CBC, FBS, ECG & Chest X-Ray. | FMR, PUR, CBC, ECG, GTT & Chest X-Ray. | |
| * ১০,০০,০০১-৩০,০০,০০০ পর্যন্ত | FMR, PUR, CBC, ECG, GTT & Chest X-Ray. | FMR, PUR, CBC, ECG GTT & Chest X-Ray. | FMR, PUR, CBC, ECG, GTT & Chest X-Ray. | |
| * ৩০,০০,০০০ এর উর্ধ্বে | FMR, PUR, CBC, ECG GTT, Chest X-Ray, AIDS & Others tests if required | FMR, PUR, CBC, ECG GTT, Chest X-Ray, AIDS & Others tests if required | FMR, PUR, CBC, ECG; GTT, Chest X-Ray, AIDS &Others tests if Required | |

FMR = Full Medical Report
PUR = Pathological urine report
CBC = Complete blood count

ESR = Erythrocytes Sedimentation rate
FBS = Fasting blood sugar
GTT = Glucos Toleraance test.

ECG = Electro Cardiogram
NMDF= None Medical Dectaration Form
* মহিলাদের ক্ষেত্রে প্রযোজ্য নহে।

# S. S. C সনদপত্র বিহীন প্রস্তাব পত্র

(মহিলা প্রস্তাবিকার ক্ষেত্রে প্রযোজ্য)

| ক্রঃ নং | শ্রেণী | যে সমস্ত পলিসি দেয়া যাবে | অতিরিক্ত প্রিমিয়াম (প্রতি হাজারে) | সহযোগী বীমা | বীমা অংকের সর্বোচ্চ সীমা (কোম্পানীর পূর্ববর্তী সকল বীমাসহ) | প্রস্তাব কালীন সর্বোচ্চ বয়স | মেয়াদ পূর্তিতে সর্বোচ্চ বয়স | ডাক্তারী পরীক্ষা বিহীন বীমার সর্বোচ্চ সীমা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | মাধ্যমিক পাশ নন কিন্তু স্বোপার্জিত আয় আছে | জীবন বিকাশ, জীবন উত্তরণ, কর্পোরেট ও জীবন পরশ ছাড়া অন্যান্য সকল মূল বীমা দেয়া যাবে। | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত কোন অতিরিক্ত প্রিমিয়াম প্রযোজ্য হবে না। | নাই | ১০ লক্ষ | ৪৫ বছর | ৫৫ বছর | ৪৫ বছর পর্যন্ত ডাক্তারী পরীক্ষাবিহীন বীমার জন্য বীমা অংকের সর্বোচ্চ সীমা ২ (দুই) লক্ষ টাকা। |
| ২। | মাধ্যমিক পাশ নন কিন্তু নিজ নামে আয়কর দেন (আয়কর সার্টিফিকেট দাখিল সাপেক্ষে) | জীবন বিকাশ, জীবন উত্তরণ, কর্পোরেট ও জীবন পরশ ছাড়া অন্যান্য সকল মূল বীমা দেয়া যাবে। | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত কোন অতিরিক্ত প্রিমিয়াম প্রযোজ্য হবে না। | নাই | ১০ লক্ষ | ৪৫ বছর | ৫৫ বছর | ৪৫ বছর পর্যন্ত ডাক্তারী পরীক্ষাবিহীন বীমার জন্য বীমা অংকের সর্বোচ্চ সীমা ২ (দুই) লক্ষ টাকা। |
| ৩। | মাধ্যমিক পাশ নন এবং স্বোপার্জিত আয় নাই কিন্তু স্বাক্ষর জ্ঞান সম্পন্ন | জীবন বিকাশ, জীবন উত্তরণ, কর্পোরেট ও জীবন পরশ ছাড়া অন্যান্য সকল মূল বীমা দেয়া যাবে। | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত কোন অতিরিক্ত প্রিমিয়াম প্রযোজ্য হবে না। | নাই | ১০ লক্ষ | ৪৫ বছর | ৫৫ বছর | ৪৫ বছর পর্যন্ত ডাক্তারী পরীক্ষাবিহীন বীমার জন্য বীমা অংকের সর্বোচ্চ সীমা ২ (দুই) লক্ষ টাকা। |
| ৪। | উপরোক্ত শ্রেণী বহির্ভূত অন্যান্য মহিলাগণ (যেমন টিপসহি দানকারী) | জীবন বিকাশ, জীবন উত্তরণ, কর্পোরেট ও জীবন পরশ ছাড়া অন্যান্য সকল মূল বীমা দেয়া যাবে। | ৫ টাকা অথবা ৫ বছরের জন্য ৫০% স্থায়ী লিয়েন। | নাই | ৫০ হাজার টাকা | ৩৫ বছর | ৫০ বছর | ডাক্তারী পরীক্ষা ও অন্যান্য রিপোর্ট দাখিল করতে হবে। |

এস. এস. সি সনদপত্র বিহীন প্রস্তাবপত্রের ক্ষেত্রে বীমাঅংক/ বীমা ঝুঁকি অংক ১, ০০, ০০০/= (এক লক্ষ) টাকার বেশী হলে পরবর্তী বীমা অংক / বীমাঝুঁকি অংকে উপর মহিলা অতিরিক্ত ৫.০০ টাকা (প্রতি হাজারে) প্রযোজ্য হবে।

**পাশ বই সংক্রান্ত অবলিখন নিয়মাবলী ঃ**

(ক) সর্বোচ্চ বীমা অংক ১,০০,০০০ টাকা। বীমা অংক ১,০০,০০০ টাকার অধিক হলে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন স্বাপেক্ষে বীমা চুক্তি করা যেতে পারে।

(খ) ADB এবং PDAB দেয়া যাবে না।

(গ) অন্যান্য সকল নিয়মাবলী দলিল ব্যবসার অবলিখন নিয়ম অনুযায়ী হবে।

**প্রবাসী বাংলাদেশীদের সহজ শর্তে বীমা গ্রহণ প্রসঙ্গে ঃ**

প্রবাসী বাংলাদেশী যারা বর্তমানে বিদেশে কর্মরত আছেন, তাদের ডাক্তারী পরীক্ষা করা ব্যয়বহুল ও বহুবিধ সমস্যার কথা বিবেচনা করে কর্তৃপক্ষ অনুর্ধ ৪০ (চল্লিশ) বছর বয়সী প্রবাসী বাংলাদেশীগণ সর্বোচ্চ ১৫,০০,০০ টাকা পর্যন্ত ডাক্তারী পরীক্ষাবিহীন পলিসি গ্রহণ করার সুবিধা প্রদান করেছেন। প্রবাসী বাংলাদেশী প্রস্তাবক / প্রস্তাবক ক্ষেত্রে সাধারণ অবলিখন চাহিদা নিম্নে প্রদান করা হলো-

১। বিদেশের ঠিকানা (Foreign Address)

২। পেশাগত কর্ম (Ocupation Questionnaire Form)

৩। চাকুরী বা ব্যবসার ডকুমেন্ট (Job / Business Document)

৪। বীমা অংক বেশী হলে আয়ের বিবরণী (Income Statement)

৫। বৈধতার মেয়াদ সহ পাসপোর্ট (Copy of Valid Passport)

৬। ডাক্তারী পরীক্ষাবিহীন জীবনবীমার জন্য প্রস্তাবকের অতিরিক্ত বিবৃতি (NMDF)

৭। গ্রহণযোগ্য বয়স প্রমাণ (Authentic Proof of Age.)

**৮। বীমা ঝুঁকি অংক নির্ধারণ ঃ**

প্রস্তাবকের বয়স ও বীমা অংকের তারতম্যের জন্য অবলিখন চাহিদাদির তারতম্য ঘটে। অবলিখন চাহিদাদি সর্বদা বীমা অংকের উপর নির্ভর না করে বীমা ঝুঁকি অংকের উপর নির্ভর করে। প্রচলিত সকল পরিকল্পের জন্য বীমা ঝুঁকি অংক এক নয়। পরিকল্পনা ভেদে বীমা ঝুঁকি অংকের তারতম্য ঘটে এবং তা নির্ণয় পদ্ধতিও ভিন্নতর।

নিম্নে পরিকল্পনা ভিত্তিক বীমা ঝুঁকি অংক নির্ধারণ পদ্ধতি বর্ণনা করা হলো ঃ

**ক) পরিকল্প নং-**১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১১০, ২০১, ২০২, ২০৩, ২০৪, ২০৫, ২০৬, ২০৭, ২০৮, ২১০, ৩০১, ৩০২, ৩০৩, ৩০৪, ৩০৫, ৩০৬, ৩০৭, ৩০৮, ৩১০, ৪০১, ৪০২, ৪০৩, ৪০৪, ৪০৭, ৪০৮, ৪০৯, ৪১০, ৪১১ এর ক্ষেত্রে ঃ বীমা ঝুঁকি অংক = বীমা অংক।

**খ) পরিকল্প নং-১০৯, ২০৯, ৩০৯, ৪০৫** এর ক্ষেত্রে ঃ বীমা ঝুঁকি অংক (ত্রৈমাসিক), ষান্মাসিক ও বার্ষিক প্রিমিয়ামের ক্ষেত্রে) = [{গুণক X (ইউনিট প্রতি বার্ষিক প্রিমিয়াম +১২০০)}+১২০০] X মোট ইউনিট সংখ্যা + অতিরিক্ত বীমা ঝুঁকি অংক (যদি থাকে)

বীমা ঝুঁকি অংক ঃ (একক প্রিমিয়ামের ক্ষেত্রে) = মোট ইউনিট সংখ্যা X[{১২০০X(গুণক+১)}

{০.৮৫X প্রতি ইউনিটের মূল একক প্রিমিয়াম}]

পরিকল্প নং- ১১১, ৩১১ এর ক্ষেত্রে ঃ বীমা ঝুকি অংক = [{ গুণক X (বার্ষিক প্রিমিয়াম রেট+১২০)}+ ২২০] প্রতি হাজারে বীমা অংক।

| পলিসির মেয়াদ (বছর) | গুণক |
|---|---|
| ৩ | ১.৭৮৩২৬ |
| ৪ | ২.৫৭৭১০ |
| ৫ | ৩.৩১২১৩ |
| ৬ | ৩.৯৯২৭১ |
| ৭ | ৪.৬২২৮৮ |
| ৮ | ৫.২০৬৩৭ |
| ৯ | ৫.৭৪৬৬৪ |
| ১০ | ৬.২৪৬৮৯ |
| ১১ | ৬.৭১০০৮ |
| ১২ | ৭.১৩৮৯৬ |
| ১৩ | ৭.৫৩৬০৮ |
| ১৪ | ৭.৯০৩৭৮ |
| ১৫ | ৮.২৪৪২৪ |
| ১৬ | ৮.৫৫৯৪৮ |
| ১৭ | ৮.৮৫১৩৭ |
| ১৮ | ৯.১২১৬৪ |
| ১৯ | ৯.৩৭১৮৯ |
| ২০ | ৯.৬০৩৬০ |
| ২১ | ৯.৮১৮১৫ |
| ২২ | ১০.০১৬৮০ |
| ২৩ | ১০.২০০৭৪ |
| ২৪ | ১০.৩৭১০৬ |
| ২৫ | ১০.৫২৮৭৬ |

গ) **পরিকল্প** নং- ঃ (১০৮, ২১০, ৩০৮, ৪০৬) পেনশন এ অতিরিক্ত বীমা ঝুঁকি ব্যতিত ৫৯ বছর বয়স পর্যন্ত ডাক্তারী পরীক্ষা বিহীন চাহিদাদি পূরণ সাপেক্ষে প্রস্তাবপত্র দাখিল করা যাবে।

৯। একক পলিসির ক্ষেত্রে পেশাগত অতিরিক্ত প্রিমিয়াম নির্ধারণ সংক্রান্ত গুণক ঃ

| পলিসির মেয়াদ (বছর) | গুণক |
|---|---|
| ২ | ২.০০ |
| ৩ | ২.৮৬ |
| ৪ | ৩.৭২ |
| ৫ | ৪.৫৫ |
| ৬ | ৫.৩৩ |
| ৭ | ৬.০৮ |
| ৮ | ৬.৭৯ |
| ৯ | ৭.৪৬ |
| ১০ | ৮.১১ |
| ১১ | ৮.৭২ |
| ১২ | ৯.৩১ |
| ১৩ | ৯.৮৬ |
| ১৪ | ১০.৩৯ |
| ১৫ | ১০.৯০ |
| ১৬ | ১১.৩৮ |
| ১৭ | ১১.৮৪ |
| ১৮ | ১২.২৭ |
| ১৯ | ১২.৬৯ |
| ২০ | ১৩.০৯ |
| ২১ | ১৩.৪৬ |
| ২২ | ১৩.৮২ |
| ২৩ | ১৪.১৬ |
| ২৪ | ১৪.৪৯ |
| ২৫ | ১৪.৮০ |

বার্ষিক পেশাগত অতিরিক্ত প্রিমিয়াম উপরোক্ত গুণক দিয়ে গুণ করে সর্বমোট অতিরিক্ত প্রিমিয়াম নির্ধারণ করতে হবে

# পেশাগত রেটিং

নিম্নে উল্লেখিত হার প্রতি ১,০০০ টাকা বীমা ঝুঁকি অংকের জন্য প্রযোজ্য ঃ

| ক্রমিক নং | পেশা | PDAB অতিরিক্ত প্রিমিয়াম টাকা | ADB অতিরিক্ত প্রিমিয়াম টাকা | O/E (LIFE) অতিরিক্ত প্রিমিয়াম টাকা |
|---|---|---|---|---|
| ১ | চাকুরীঃ সেনাবাহিনী | | | |
| | ক) অফিসার | ১.০০ | ০.৭৫ | নেই |
| | খ) নন কমিশন | ২.০০ | ১.২৫ | ২.০০ |
| | নৌবাহিনী ঃ | | | |
| | ক) সৈনিক | ২.০০ | ১.২৫ | ২.০০ |
| | খ) টহল পুলিশ | ২.০০ | ১.২৫ | ২.০০ |
| | গ) জাহাজে কর্মরত টেকনিশিয়ান | ২.০০ | ১.২৫ | ২.০০ |
| | ঘ) ডুবুরী | দেয়া যাবে না | দেয়া যাবে না | ৪.০০ |
| | বিমান বাহিনী ঃ (উড্ডয়নের সাথে জড়িত নয় এমন) | | | |
| | ক) কর্পোরাল, ফ্লাইট সার্জেন্ট | ১.০০ | ০.৭৫ | ২.০০ |
| | খ) অফিসার | ১.০০ | ০.৭৫ | নেই |
| ২ | পুলিশ | | | |
| | ক) কনষ্টেবল | ২.০০ | ১.২৫ | ২.০০ |
| | খ) আর্মড | ২.০০ | ১.২৫ | ২.০০ |
| | গ) সার্জেন্ট | ১.০০ | ০.৭৫ | ২.০০ |
| | ঘ) অফিসার (নন ক্যাডার) | ১.০০ | ০.৭৫ | ২.০০ |
| | ঙ) অফিসার (ক্যাডার) | ১.০০ | ০.৭৫ | নেই |
| ৩ | ড্রাইভার + হেলপার ঃ | | | |
| | ক) ভারী (ট্রাক, বাস, মিনিবাস) | ২.০০ | ১.২৫ | ২.০০ |
| | খ) হালকা (কার/মাইক্রোবাস) | ১.০০ | ০.৭৫ | ২.০০ |
| | গ) অটোরিক্সা, বেবী টেম্পো | দেয়া যাবে না | দেয়া যাবে না | ৪.০০ |
| | ঘ) ঠেলা গাড়ি, ভ্যান | দেয়া যাবে না | দেয়া যাবে না | ৪.০০ |
| | ঙ) রিক্সাচালক | দেয়া যাবে না | দেয়া যাবে না | ৪.০০ |

| ক্রমিক নং | পেশা | PDAB অতিরিক্ত প্রিমিয়াম টাকা | ADB অতিরিক্ত প্রিমিয়াম টাকা | O/E (LIFE) অতিরিক্ত প্রিমিয়াম টাকা |
|---|---|---|---|---|
| ৪ | জেলে ঃ<br>ক) সমুদ্র<br>খ) নদী<br>গ) পুকুর<br>ঘ) মৎস্য ব্যবসায়ী | <br>দেয়া যাবে না<br>২.০০<br>১.০০<br>১.০০ | <br>দেয়া যাবে না<br>১.২৫<br>০.৭৫<br>০.৭৫ | <br>৪.০০<br>২.০০<br>নেই<br>নেই |
| ৫ | শ্রমিক ঃ<br>ক) সাধারণ<br>খ) মধ্যপ্রাচ্যে কর্মরত<br>গ) পাটকল | <br>দেয়া যাবে না<br>দেয়া যাবে না<br>দেয়া যাবে না | <br>০.৭৫<br>দেয়া যাবে না<br>১.২৫ | <br>২.০০<br>২.০০<br>২.০০ |
| ৬ | ঝালাইকারকঃ<br>ক) গ্যাস<br>খ) ইলেকট্রিক | <br>দেয়া যাবে না<br>দেয়া যাবে না | <br>১.২৫<br>১.২৫ | <br>২.০০<br>নেই |
| ৭ | মিস্ত্রি ঃ<br>ক) ষ্টীল ফার্নিচার<br>খ) রড<br>গ) রাজমিস্ত্রি সাধারণ<br>ঘ) উঁচু দালানের রাজমিস্ত্রি<br>ঙ) রং মিস্ত্রি<br>চ) কাঠ মিস্ত্রি | <br>২.০০<br>দেয়া যাবে না<br>২.০০<br>দেয়া যাবে না<br>১.০০<br>দেয়া যাবে না | <br>১.২৫<br>১.২৫<br>১.২৫<br>দেয়া যাবে না<br>০.৭৫<br>০.৭৫ | <br>২.০০<br>২.০০<br>২.০০<br>৪.০০<br>২.০০<br>২.০০ |
| ৮ | বনজঙ্গলে নিয়োজিত<br>ক) অফিসার<br>খ) কর্মচারী<br>গ) শ্রমিক/গার্ড<br>ঘ) করাতি ও মহলদার | <br>১.০০<br>১.০০<br>দেয়া যাবে না<br>দেয়া যাবে না | <br>০.৭৫<br>০.৭৫<br>১.২৫<br>দেয়া যাবে না | <br>নেই<br>নেই<br>২.০০<br>২.০০ |
| ৯ | কলকারখানা ঃ<br>ক) সুপারভাইজার<br>খ) টেকনিশিয়ান<br>গ) শ্রমিক | <br>১.০০<br>২.০০<br>দেয়া যাবে না | <br>০.৭৫<br>১.২৫<br>১.২৫ | <br>নেই<br>নেই<br>২.০০ |
| ১০ | ইলেকট্রিশিয়ানঃ<br>ক) সরাসরি জড়িত (৪৪০ ভোল্ট পর্যন্ত)<br>খ) সরাসরি জড়িত (৪৪০ ভোল্ট এর উর্ধ্বে)<br>গ) গৃহস্থালী সংযোগ<br>ঘ) লাইনম্যান (বিদ্যুৎ বিভাগে কর্মরত) | <br>দেয়া যাবে না<br>দেয়া যাবে না<br>২.০০<br>দেয়া যাবে না | <br>দেয়া যাবে না<br>দেয়া যাবে না<br>১.২৫<br>১.২৫ | <br>২.০০<br>৪.০০<br>২.০০<br>২.০০ |

| ক্রমিক নং | পেশা | PDAB অতিরিক্ত প্রিমিয়াম টাকা | ADB অতিরিক্ত প্রিমিয়াম টাকা | O/E (LIFE) অতিরিক্ত প্রিমিয়াম টাকা |
|---|---|---|---|---|
| ১১ | কামার | দেয়া যাবে না | ১.২৫ | ২.০০ |
| ১২ | কুমার | দেয়া যাবে না | ১.২৫ | ২.০০ |
| ১৩ | কসাই | দেয়া যাবে না | ১.২৫ | ২.৫০ |
| ১৪ | পশুব্যবসায়ী | ১.০০ | ০.৭৫ | নেই |
| ১৫ | চৌকিদার | ২.০০ | ১.২৫ | ২.০০ |
| ১৬ | স্বর্ণকার | ১.০০ | নেই | নেই |
| ১৭ | তাঁতী | ১.০০ | ০.৭৫ | নেই |
| ১৮ | বেবী ট্যাক্সি মেকানিক | ২.০০ | ১.২৫ | নেই |
| ১৯ | হস্তশিল্পী (অশিক্ষিত) | ১.০০ | ০.৭৫ | নেই |
| ২০ | দর্জি (টেইলারিং) | ১.০০ | নেই | নেই |
| ২১ | কাঠ ব্যবসায়ী (অশিক্ষিত) | ১.০০ | ০.৭৫ | নেই |
| ২২ | ঠিকাদার (অশিক্ষিত) | ১.০০ | ০.৭৫ | নেই |
| ২৩ | কৃষক (অশিক্ষিত) | ১.০০ | ০.৭৫ | নেই |
| ২৪ | গার্মেন্টস ঃ | | | |
| | ক) অফিসার/সুপার ভাইজার | ১.০০ | ০.৭৫ | নেই |
| | খ) অপারেটর/ কাটিং মাষ্টার | দেয়া যাবে না | ১.২৫ | ২.০০ |
| ২৫ | মাঝি | দেয়া যাবে না | দেয়া যাবে না | ২.০০ |

| ক্রমিক নং | পেশা | PDAB অতিরিক্ত প্রিমিয়াম টাকা | ADB অতিরিক্ত প্রিমিয়াম টাকা | O/E (LIFE) অতিরিক্ত প্রিমিয়াম টাকা |
|---|---|---|---|---|
| ২৬ | ব্রিক ফিল্ড শ্রমিক | দেয়া যাবে না | দেয়া যাবে না | ২.০০ |
| ২৭ | ফায়ার ব্রিগেড কর্মচারী ও অফিসার | দেয়া যাবে না | দেয়া যাবে না | ৩.০০ |
| ২৮ | সার কারখানা শ্রমিক | দেয়া যাবে না | দেয়া যাবে না | ২.০০ |
| ২৯ | প্লামবার (স্যানিটারী পাইপ ফিটার) | দেয়া যাবে না | দেয়া যাবে না | ২.০০ |
| ৩০ | চামড়া শিল্পে কর্মরত শ্রমিক | দেয়া যাবে না | দেয়া যাবে না | ২.০০ |
| ৩১ | চামড়া ব্যবসায়ী | ১.০০ | ০.৭৫ | নেই |
| ৩২ | সুইপার | | | |
| | ক) অফিস / বাড়ী | দেয়া যাবে না | দেয়া যাবে না | নেই |
| | খ) পৌরসভা/হাসপাতাল | দেয়া যাবে না | দেয়া যাবে না | ২.০০ |
| ৩৩ | টেক্সটাইল মিল সুইপার/ব্লু-রুম শ্রমিক | দেয়া যাবে না | দেয়া যাবে না | ৪.০০ |
| ৩৪ | সেবিকা | দেয়া যাবে না | দেয়া যাবে না | নেই |
| ৩৫ | রেলওয়ে ক)ফ্লাগম্যান, গার্ড, সিগনালম্যান, লাইনস্ম্যান | দেয়া যাবে না | দেয়া যাবে না | ২.০০ |

**দৃষ্টি আকর্ষণ ঃ**

১। অধিক ঝুঁকিপূর্ণ পেশার প্রস্তাবকারীদের প্রস্তাবপত্র পরীক্ষার সময় বীমার মেয়াদপূর্তিতে তাদের বয়সের ব্যাপারটি বিশেষ ভাবে বিবেচনায় আসা উচিত। এক্ষেত্রে বীমার মেয়াদ কমিয়ে প্রস্তাবপত্র গ্রহণ করা যেতে পারে।

২। অধিক ঝুঁকিপূর্ণ পেশা ও অল্প শিক্ষিত প্রস্তাবকদের সাধারণ ভাবে শুধু জীবন সাথী, জীবন প্রত্যাশা, জীবন বন্ধু ইত্যাদি পরিকল্প প্রদান করা যেতে পারে।

৩। যে সব পেশার ক্ষেত্রে জীবন বীমার প্রস্তাবপত্র গ্রহণযোগ্য নয় এবং কোন প্রকার সংশয় দেখা যাবে সেগুলি সম্পর্কে সংশ্লিষ্ট স্থানে সিদ্ধান্ত না নিয়ে সরাসরি কেন্দ্রীয় অবলিখন বিভাগে পাঠাতে হবে

## সেকশন-৪
## অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য ঃ

প্রিমিয়াম ঃ

সিডিউলে বর্ণিত এই পলিসির জন্য প্রদেয় সকল প্রিমিয়াম কোম্পানীর বৈধ রসিদ সাপেক্ষে কোম্পানীর প্রধান অফিসে বা কোম্পানীর কোন ক্ষমতাপ্রাপ্ত একাইন্ট্যান্ট বা কর্মকর্তা এর নিকট অগ্রিম পরিশোধযোগ্য। কোম্পানীর কোন এক্সিকিউটিভ অফিসার কর্তৃক স্বাক্ষরিত এবং কোন ক্ষমতাপ্রাপ্ত একাউন্ট্যান্ট বা কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষর না হলে অনুরূপ রসিদ বৈধ বলে গণ্য হবে না।

যদি প্রিমিয়াম প্রদানের পদ্ধতি বার্ষিক (পলিসি শুরুর তারিখ হইতে পলিসি বর্ষ গণনা করা হয়) না হয়ে ষান্মাসিক, ত্রৈমাসিক কিংবা মাসিক কিস্তিতে প্রদেয় হয় এবং বীমাবৃত ব্যক্তির মৃত্যুর পূর্বে যদি পলিসি তামাদি বা বাতিল না হয়, তা হলে তার মৃত্যুর সময় পর্যন্ত সংশ্লিষ্ট পলিসি বর্ষের জন্য প্রযোজ্য নবায়ন প্রিমিয়ামের কোন অংশ অপরিশোধিত থাকলে তার সমপরিমাণ অর্থ বীমা অংক থেকে কেটে রাখা হবে। আইনে সুনির্দিষ্ট ভাবে ভিন্নরূপে বর্ণিত না থাকলে প্রিমিয়াম কোম্পানীর বরাবরে পরিশোধ করতে হবে।

অনুগ্রহ কালঃ

প্রথম প্রিমিয়াম পরিশোধের পর পরবর্তী প্রতিটি প্রিমিয়াম নির্ধারিত তারিখ থেকে এক মাস (ত্রিশ দিন) অনুগ্রহ কালের মধ্যে পরিশোধ করা যাবে। এই অনুগ্রহকালে পলিসি চালু থাকবে। অনুগ্রহ কালের মধ্যে মৃত্যু হলে প্রমানযোগ্য বীমার অর্থ থেকে কোম্পানীর অন্যান্য পাওনা (যদি থাকে) সহ বকেয়া প্রিমিয়াম কেটে রাখা হবে।

অনুগ্রহকালের মধ্যে প্রিমিয়াম জমা দেয়া না হলে 'বিচ্যুতি' ঘটেছে বলিয়া বিবেচিত হবে। দুইট পূর্ণ বার্ষিক প্রিমিয়াম প্রদানের পূর্বে অনুরূপ 'বিচ্যুতি' ঘটলে, সংশ্লিষ্ট তারিখ থেকে পলিসিটি অচল ও তামাদি হয়ে যাবে এবং ইতিমধ্যে জমাকৃত সকল প্রিমিয়াম কোম্পানী কর্তৃক বাজেয়াপ্ত হবে।

**বিধিনিষেধ মুক্তি ঃ**

বীমা আইনের বিধান শিডিউলভূক্ত বিশেষ প্রতিবিধান এবং কোম্পানী কর্তৃক কৃত বা ভবিষ্যতে কর্তব্য প্রতিটি পৃষ্ঠাংকনের শর্তাবলী সাপেক্ষে বিদেশে ভ্রমণ, বসবাস বা উপজীবিকা সম্পর্কিত সকল বিধিনিষেধ থেকে এই পলিসি মুক্ত থাকবে।

**নগদ সমর্পন মূল্য ঃ**

দুইটি অথবা পাঁচটি (পরিকল্পের ধরনের ওপর নির্ভরশীল) পূর্ণ-বার্ষিক প্রিমিয়াম, প্রদান করার পর এ পলিসি নগদ সমর্পন মূল্য অর্জন করবে। পলিসিতে ভিন্নভাবে উল্লেখিত না থাকলে লিখিত অনুরোধে এরূপ দুই অথবা পাঁচ বছর পূর্ণ হওয়া সাপেক্ষে অর্জিত নগদ সমর্পন মূল্য অবহিত করা হবে।

**স্বত্বার্পন ও মনোনয়ন ঃ**

স্বত্বার্পন বা মনোনয়ন অথবা মনোনীত প্রতিপ্রাপক বাতিল বা পরিবর্তনের জন্য প্রদত্ত প্রতিটি নোটিশে তারিখ ও উদ্দেশ্য ব্যক্ত করতে হবে এবং তা কোম্পানীর প্রধান বা অনুমোদিত কার্যালয়ে প্রেরণ করতে হবে। নোটিশ প্রাপ্তির পর প্রযোজ্য মাশুল ও একটি অনুলিপিসহ তা গ্রহণ করা হবে। প্রতিটি মনোনয়ন ১৯৩৮ সনের বীমা আইনের ৩৯ নং ধারা অনুযায়ী করা হয়েছে বলে গণ্য করা হবে। কোনও স্বত্বার্পন লিপিবদ্ধ করার মাধ্যমে কোম্পানী তার বৈশিষ্ট্য ও বৈধতা বা আইনানুগত কার্যকারিতা সম্পর্কে গ্রহণ বা মতামত ব্যক্ত করে না।

বয়সের কারণে সমন্বয় ঃ

এই পলিসির কোন দাবী নিষ্পত্তি করার পূর্বে বীমাবৃতের বয়সের সন্তোষজনক প্রমাণ দাবী করার অধিকার কোম্পানী সংরক্ষণ করে। পলিসি গ্রহণকালে যদি বয়স কম উল্লেখ করা হয়, তাহলে বীমা শুরু হওয়ার সময় প্রকৃত বয়সের কোম্পানীর প্রিমিয়াম তালিকা অনুযায়ী যে অংকের পলিসি প্রদত্ত

প্রিমিয়ামের বিনিময়ে পাওয়া সম্ভব হত, সে অংকের অর্থই বীমার দাবী হিসাবে প্রদান যোগ্য হবে। যদি বীমাবৃতের বয়স ভুলবশতঃ বেশী দেখানো হয়ে থাকে, তাহলে কোন সুদ যোগ বা মাশুল কর্তন না করে প্রদত্ত অতিরিক্ত প্রিমিয়াম বীমাবৃত বা তার মনোনীত প্রতিপ্রাপককে ফেরত দেয়া হবে।

**পূর্ণবহাল ঃ**

নগদ মূল্যের বিনিময়ে সমর্পন করা না হয়ে থাকলে বীমাবৃত ব্যক্তির বীমাযোগ্যতা গ্রহণযোগ্য সন্তোষজনক প্রমাণ দাখিল ও বকেয়া সকল প্রিমিয়াম এবং এ পলিসি বাবদ অন্য কোন দেনা থাকিলেও তা কোম্পানী নির্ধারিত চক্রবৃদ্ধি হারে পরিশোধ করা সাপেক্ষে পলিসিটি বিচ্যুতির তারিখ থেকে ৫ বৎসরের মধ্যে পূর্ণবহাল করা যাবে। বীমাবৃতের বীমা যোগ্যতার প্রমাণ পুরোপুরি সন্তোষজনক না হলেও এই পলিসি ঈষৎ পরিবর্তন সহ (যদি প্রয়োজন হয়) পূর্ণবহালের জন্য কোম্পানী বিবেচনা করতে পারে। অনুরূপ ক্ষেত্রে প্রয়োজনীয় পরিবর্তন বা পরিমিতিকরণ সম্পর্কে কোম্পানী বীমাবৃত ব্যক্তিকে এক পুর্বাহ্নে লিখিত ভাবে অবহিত করিবে। এই পলিসি পূর্ণবহালকল্পে বীমাবৃত ব্যক্তি বা বীমা গ্রাহক কর্তৃক প্রদত্ত লিখিত বিবৃতি পলিসির অবিচ্ছেদ্য অংশ হিসাবে গণ্য হবে এবং বীমাবৃত ব্যক্তি বা বীমা গ্রাহক প্রতারণার মাধ্যমে পলিসি পূর্ণবহাল করান তাহলে পলিসিটিকে বাতিল করার অধিকার কোম্পানী সংরক্ষণ করে।

**বিশেষ পূর্ণবহালের ব্যবস্থা ঃ**

সমর্পন মূল্য অর্জনের পূর্বে যদি এই পলিসির প্রিমিয়াম প্রদান বন্ধ হয় তাহলে অনুরূপ প্রিমিয়াম প্রদান বন্ধের তারিখ থেকে ৫ বৎসরের মধ্যে বীমাবৃত নিজ ব্যয়ে তাহার বীমাযোগ্যতার সন্তোষজনক প্রমাণ দাখিল সাপেক্ষে বীমা শুরু এবং মেয়াদ পূর্তির তারিখ অগ্রসর করিয়ে পলিসিটি পূর্ণবহাল করা যেতে পারে। এই জন্য প্রয়োজনীয় বিশেষ পূর্ণবহাল ফি, বীমা শুরুর পরিবর্তিত তারিখ বীমাবৃতের প্রকৃত বয়স অনুযায়ী নির্ধারিত একটি প্রিমিয়াম কিস্তি এবং তার ভিত্তিতে পূর্বে প্রদত্ত প্রিমিয়ামের পার্থক্য বিলম্ব ফি সহ পরিশোধ করতে হবে। পলিসির মেয়াদ কালের মধ্যে মাত্র একবারই কেবল এ সুবিধা গ্রহণ করা যায়।

**বাজেয়াপ্ত না করা সম্পর্কিত বিকল্প নিয়মাবলী ঃ**

নগদ সমর্পন মূল্য অর্জনের পর অনুগ্রহ কালের মধ্যে প্রিমিয়াম পরিশোধ না করা হলেও পলিসি একেবারে বাতিল হবে না। অনুরূপ ক্ষেত্রে বীমা গ্রাহক নিম্নে ব্যাখ্যাকৃত বিকল্পগুলি যে কোন একটির সুবিধা গ্রহণের ইচ্ছা লিখিতভাবে ব্যক্ত করতে পারেন। বিধিমতে পলিসির জন্য প্রদত্ত আবেদনপত্রে এ ইচ্ছা ব্যক্ত করতে হয়। হবে কোন প্রিমিয়াম বকেয়া না থাকলে, পরবর্তী কালেও বিকল্প গ্রহণ বা পরিবর্তন করা যেতে পারে। বীমা গ্রাহক যদি এ পলিসির জন্য দাখিলকৃত প্রস্তাবপত্রে বা অত্র পলিসির 'বিচ্যুতি' সংঘটিত হবার পূর্বে কোন বিকল্প গ্রহণ না করে থাকেন অথবা যদি কোন পরিকল্পের জন্য বিশেষ একটি বিকল্প পূর্ব নির্ধারিত না থাকে, তাহলে বিকল্প 'ক' স্বয়ংক্রিয় ভাবে প্রযোজ্য হবে।

**বিকল্প 'ক' ঃ** বকেয়া প্রিমিয়ামের তারিখ থেকে পলিসির উপরে অর্জিত সমর্পন মূল্য নিঃশেষ না হওয়া সাপেক্ষে অনধিক এক বৎসরের জন্য উক্ত সমর্পন মূল্যের প্রতিপক্ষে পলিসির উপর ঋণ সৃষ্টি করে পলিসি চালু রাখা হবে। উক্ত সময়ের পরও পলিসির উপরে অর্জিত সমর্পন মূল্য নিঃশেষ না হয়ে থাকলে তা স্বয়ংক্রিয় ভাবে হ্রাসকৃত অংকের সম্পাদিত বীমায় রূপান্তরিত হবে। পলিসি বাবদ কোম্পানীর কোন রূপ পাওনা থাকলে তা কর্তন করে এ "হ্রাসকৃত বীমা অংক" নির্ধারণ করা হবে।

**বিকল্প 'খ'ঃ** পলিসির উপরে দেয় প্রিমিয়াম অনগ্রহকালের মধ্যে পরিশোধিত না হলে যতক্ষন পর্যন্ত পলিসিতে অর্জিত নীট নগদ সমর্পন মূল্য ঐ প্রিমিয়ামের সমান বা অধিক থাকবে ততক্ষন পর্যন্ত ঐ নগদ সমর্পন মূল্যের প্রতিপক্ষে ঋণ সৃষ্টি করে দেয় প্রিমিয়াম পরিশোধিত করা হবে এবং পলিসিটি পুরোপুরি চালু রাখা হবে। যদি নীট নগদ সমর্পন মূল্য অনুগ্রহ কালের মধ্যে অপরিশোধিত দেয় প্রিমিয়ামের কম হয় হবে আরও কিছু ভগ্নাংশ কালের জন্য পলিসি চালু থাকবে। দেয় বকেয়া প্রিমিয়াম অংকের সাথে নীট নগদ সমর্পন মূল্যের যে আনুপাতিক সম্পর্ক, সেই একই অনুপাতে বকেয়া প্রিমিয়ামের সময়কালে তুলনায় ভগ্নাংশ কালের সময়সীমা নির্ধারিত হবে। ঐ সময় অতিক্রান্ত হওয়ার পর পলিসিটি বাতিল ও তার সকল সুবিধাদি বাজেয়াপ্ত হবে। এরূপ স্বয়ংক্রিয় ঋণের উপর কোম্পানী কর্তৃক নির্ধারিত হারে সুদ

প্রদান করতে হবে। বীমা গ্রাহক পলিসি বাতিল হওয়ার পূর্বে যে কোন সময়ে বকেয়া প্রিমিয়াম ও সুদ পরিশোধ করে তা ঋণ মুক্ত করতে পারবেন। প্রিমিয়াম বাবদ প্রদত্ত ঋণ সুদ সহ পলিসির প্রথম দায় হিসাবে গণ্য হবে এবং বীমা গ্রাহক যে অর্থ প্রদান করবেন তা হতে অথবা পলিসি বাবদ কোন অংক পরিশোধ করার পূর্বে প্রথমেই তা কেটে রাখা হবে।

**বিকল্প 'গ' ঃ** এই ব্যবস্থায় পলিসিটিকে একটি হ্রাসকৃত অংকের সম্পাদিত বীমায় রূপান্তর করা হবে এবং আর কোন প্রিমিয়াম প্রদান করতে হবে না। কোম্পানীর কোন পাওনা থাকলে তা কেটে রেখে হ্রাসকৃত সম্পাদিত অংক নির্ধারণ করা হবে এবং তা পলিসির মেয়াদপূর্তির পর অথবা তৎপূর্বে বীমা গ্রাহকের মৃত্যু হলে পরিশোধযোগ্য হবে।

**পলিসি ঋণ ঃ**

নগদ সমর্পন মূল্য অর্জনের পর পলিসি চালু থাকাকালে যে কোন সময়ে বীমাগ্রাহক কোম্পানীর প্রচলিত বিধান সাপেক্ষে যথাযথ পৃষ্ঠাংকনের মাধ্যমে পলিসি জামানত রেখে ঋণ গ্রহণ করতে পারবেন। পূর্ববর্তী কোন ঋণ থাকলে তা এবং বকেয়া সুদ (যদি থাকে) সহ ঋণের সর্বমোট পরিমাণ কোন ক্ষেত্রে নগদ সমর্পন মূল্যের ৯০% ভাগের অধিক হতে পারবে না ঋণ গ্রহণকালে প্রদেয় সুদের হার কোম্পানী নির্ধারণ করবে। পলিসির বর্ষপূর্তির দিনে অথবা কোম্পানী কর্তৃক নির্ধারিত সময়ান্তের সুদ পরিশোধযোগ্য হবে। পরিশোধিত সুদ ঋণের মূল অংকের সাথে যুক্ত হবে। পলিসির যে কোন দাবী নিষ্পত্তিকালে বকেয়া সুদসহ ঋণের সমুদয় অর্থ কর্তন করে নেয়া হবে। যদিও কোন সময়ে নির্ণয়কৃত সুদসহ ঋণের পরিমাণ নগদ সমর্পন মূল্য অপেক্ষা অধিক হয় তাহলে পলিসি বাতিল হয়ে যাবে।

**বীমার অর্থ নিষ্পত্তি ঃ**

বিশেষ প্রতিবিধানে ভিন্নরূপে উল্লেখিত না হলে দলিল পত্রাদি প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে পলিসি ইস্যুর স্থান থেকে এর সকল দাবী নিষ্পত্তি করা হবে। প্রদেয় দলিল পত্রাদির মধ্যে বিশেষতঃ এ পলিসি, পূর্বে বয়স প্রমাণিত না হয়ে থাকলে জন্ম সার্টিফিকেট বা অনুরূপ গ্রহণযোগ্য বয়সের কোন প্রমাণপত্র এবং সর্বশেষ প্রিমিয়ামের রসিদ জমা দিতে হবে। বীমাবৃতের মৃত্যুর ক্ষেত্রে উপরোক্ত দলিলাদি ছাড়া মৃত্যুর সার্টিফিকেট, চিকিৎসাকারী ডাক্তারের বিবৃতি এবং বীমার অর্থ প্রতি প্রাপকের সনাক্তকারী প্রমাণপত্র দাখিল করতে হবে। বীমাবৃত ব্যক্তির মৃত্যু সম্পর্কে যথাশীঘ্র সম্ভব কোম্পানীকে অবহিত করতে হবে পলিসি থেকে প্রদানযোগ্য অর্থ অবিভাজ্য এবং তা সকল প্রতিপ্রাপক কর্তৃক যৌথভাবে প্রদত্ত একটি মাত্র দায়মুক্তি পত্রের বরাবরে পরিশোধ করা হবে। এ পলিসিতে প্রযোজ্য সকল দায় দেনা তার দাবী নিষ্পত্তি বাবদ প্রদানযোগ্য অর্থ থেকে প্রথমেই কর্তন করা হবে।

**বীমাবৃতের মৃত্যুর ক্ষেত্রে প্রযোজ্য বিধিনিষেধ ঃ**

**(ক) আত্মহত্যা ঃ** পলিসি শুরু অথবা পূর্ণবহালের তারিখ থেকে দুই বৎসরের মধ্যে যদি বীমাবৃত ব্যক্তি সুস্থ অথবা বিকৃত মস্তিস্কে আত্মহত্যা করেন, তাহলে অনুরূপ মৃত্যু পর্যন্ত পলিসি চালু থাকা সাপেক্ষে উহার অধীনে প্রথম বৎসরের প্রিমিয়াম বাদে প্রদত্ত সকল প্রিমিয়াম ফেরতের মধ্যে কোম্পানীর দায় সীমাবদ্ধ থাকবে। এরূপ প্রদানযোগ্য অর্থ হতে পলিসির অধীনে কোন দেনা থাকলে তা কেটে রাখা হবে।

**(খ) খুন ঃ** বীমার সুবিধাদি যার প্রাপ্য তার ইচ্ছাকৃত কোন কার্যের ফলে যদি বীমাবৃত ব্যক্তির মৃত্যু ঘটে, তাহলে সে প্রতি প্রাপক বীমা অংকের উপর তার অধিকার হারাবেন। তবে উক্ত বীমা অংক পলিসির উপর প্রতিপ্রাপক (গণ) অথবা আইনানুগত ভাবে দাবী করতে পারেন এমন ব্যক্তি গণ এর বরাবরে পরিশোধযোগ্য হবে।

**১৬। হারানো বীমা দলিল ঃ** যে কোন অর্থ পরিশোধের পূর্বে পলিসি দলিলটি কোম্পানীর নিকট জমা দিতে হবে। যদি কখনও পলিসিটি খোয়া যায় অথবা বিনষ্ট হয়, তাহলে সে সম্পর্কে কোম্পানীর ঢাকাস্থ প্রধান কার্যালয়ে অবশ্যই লিখিত ভাবে জানাতে হবে। নির্ধারিত মাশুল প্রদান করলে সংরক্ষণের উদ্দেশ্যে পলিসির একটি নকল সরবরাহ করা হবে। সংশ্লিষ্ট নিয়মকানুন ও আইনগত আনুষ্ঠানিকতা সম্পন্ন হবার পরে বীমাগ্রাহকের ব্যয়ে যথাযথ ষ্ট্যাম্প সম্বলিত বিকল্প নতুন পলিসি দলিল কোম্পানী ইস্যু করবে।

**তামাদি পলিসি পূর্ণবহাল সংক্রান্ত অবলিখন চাহিদাদি** ( Underwriting requirements for revival of lapse rolic)

সাধারণত পলিসি ২ বছর চালু থাকার পরই সমর্পণ মূল্য অর্জন করে। যে সকল পলিসি সমর্পন মূল্য অর্জন করেনি ঐ সকল পলিসির প্রথম প্রিমিয়াম ছাড়া পরবর্তী দেয় প্রিমিয়ামগুলি নির্ধারিত দেয় তারিখে অথবা অনুগ্রহকালের মধ্যে জমা না হলে পলিসি তামাদি হয়ে যায়। এসকল তামাদি পলিসি অথবা পরিশোধিত বীমায় রূপান্তারিত পলিসি পরবর্তী যে কোন সময়ে (পলিসি বিচ্যুতির তারিখ থেকে পরবর্তী ৫ বছরের মধ্যে কোম্পানীর ধার্যকৃত বিলম্ব (বর্তমানে ধার্যকৃত বিলম্ব ফি এর বার্ষিক হার ১২%) সহ বকেয়া প্রিমিয়াম প্রদান এবং পূর্ণবহাল সংক্রান্ত অবলিখন চাহিদাদি প্রাপ্তি সাপেক্ষে পলিসি পূর্ণবহাল ব্যবস্থা রয়েছে।

| | পলিসি পূর্ণবহাল কালীন সময় | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ৪০ বছর পর্যন্ত (বীমা ঝুঁকি অংক) টাকায় | | | | | ৪০-৪৫ বছর পর্যন্ত (বীমা ঝুঁকি অংক) টাকায় | | | | | ৪৫ বছরের উর্ধ্বে (বীমা ঝুঁকি অংক) টাকা | | | | |
| তামাদি কাল | ২,০০,০০০/- পর্যন্ত | ২,০০,০০১/- থেকে ৪,০০,০০০/- পর্যন্ত | ৪,০০,০০১/- থেকে ৬,০০,০০০/- পর্যন্ত | ৬,০০,০০১/- থেকে ১০,০০,০০০/- পর্যন্ত | ১০,০০,০০০/- এর উর্ধ্বে | ২,০০,০০০/- পর্যন্ত | ২,০০,০০১/- থেকে ৪,০০,০০০/- পর্যন্ত | ৪,০০,০০১/- থেকে ৬,০০,০০০/- পর্যন্ত | ৬,০০,০০১/- থেকে ১০,০০,০০০/- পর্যন্ত | ১০,০০,০০০/- এর উর্ধ্বে | ২,০০,০০০/- পর্যন্ত | ২,০০,০০১/- থেকে ৪,০০,০০০/- পর্যন্ত | ৪,০০,০০১/- থেকে ৬,০০,০০০/- পর্যন্ত | ৬,০০,০০১/- থেকে ১০,০০,০০০/- পর্যন্ত | ১০,০০,০০০/- এর উর্ধ্বে |
| ৬ মাসের বেশী কিন্তু ১ বছর পর্যন্ত | DGH | SMR | SMR | FMR<br>PUR<br>ESR | FMR<br>PUR<br>ESR | SMR | SMR | FMR<br>PUR | FMR<br>PUR<br>ESR | FMR<br>PUR<br>ESR | FMR<br>PUR | FMR<br>PUR<br>ESR<br>FBS | FMR<br>PUR<br>ESR<br>FBS | FMR<br>PUR<br>ESR<br>FBS | FMR<br>PUR<br>ESR<br>FBS |
| ১ বছরের বেশী কিন্তু ২ বছর পর্যন্ত | DGH | FMR<br>PUR | FMR<br>PUR<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>X-Ray | FMR<br>PUR | FMR<br>PUR<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG | FMR<br>PUR<br>ESR<br>FBS | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG |
| ২ বছরের কিন্তু ৩ বছর পর্যন্ত | SMR | FMR<br>PUR<br>X-Ray | FMR<br>PUR<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR | FMR<br>PUR<br>ESR<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG<br>X-Ray |
| ৩ বছরের বেশী | FMR<br>PUR | FMR<br>PUR<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>ESR | FMR<br>PUR<br>ESR<br>FBS<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>GTT<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>GTT<br>ECG<br>X-Ray | FMR<br>PUR<br>CBC<br>FBS<br>GTT<br>ECG<br>X-Ray |

উপরোক্ত চাহিদাদি শ্রেণী নির্বিশেষে নির্ধারণ করা হয়েছে। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে অতিরিক্ত যে কোন পরীক্ষার রিপোর্ট চাইতে পারে।

FMR = Full Medical Report (ডাক্তারী পরীক্ষার পূর্ণ রিপোর্ট)
SMR = Short Medical Report (ডাক্তারী পরীক্ষার সংক্ষিপ্ত রিপোর্ট)
DGH = Declaration of Good Health (অভিরাম ভাল স্বাস্থ্যের ঘোষণা)
PUR = Pathological Urin Report (মূত্র পরীক্ষার রিপোর্ট)
CBC=Complete Blood Count (রক্তের পূর্ণাঙ্গ তথ্য টিসি, ডিসি, ইএস আর, এইচবি পরীক্ষার রিপোর্ট)
GTT = Glucose Tolearance Test (রক্তের শর্করা গ্রহণযোগ্যতা পরীক্ষা)
FBS = Fasting Blood Sugar (রক্তের শর্করা পরীক্ষা)
ECG = Electro Cardiogram (হৃৎপিন্ডের ইসিজি)
ESR = Erythrocytic Sedimentation (রক্তের ই এস আর পরীক্ষা)
X-RAY = Pathological X-Ray Report (বুকের এক্স-রে রিপোর্ট)

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

১। উপরে বর্ণিত পূর্ণবহাল সংক্রান্ত অবলিখন চাহিদাদি কেবল প্রমিত জীবনের (Standard Life) জন্য প্রযোজ্য। অপ্রমিত (Sub Standart Life) জীবনের পূর্ণবহাল সংক্রান্ত চাহিদা অবলিখন বিভাগকর্তৃক নির্ধারিত হবে।

২। তামাদি কাল ৬ (ছয়) মাসের মধ্যে হলে যে কোন বীমা অংক ও বয়সের জন্য কেবল মাত্র DGH প্রয়োজন হবে।

৩। পূর্বে পলিসিতে বয়স প্রমাণ না থাকলে পূর্ণবহালের সময় অবশ্যই বয়সের সন্তোষজনক প্রমানপত্র দাখিল করতে হবে।

৪। মহিলা জীবনের ক্ষেত্রে গর্ভাবস্থায় পলিসি পূর্ণবহাল করা যায় না। স্বাভাবিক অবস্থায় সন্তান জন্মের ৯০ (নব্বই) দিন এবং সিজারিয়ানের ক্ষেত্রে সন্তান জন্মের ১৮০ দিন পর পলিসি পূর্ণবহাল করা যাবে। এক্ষেত্রে কোম্পানী কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত প্রসবোত্তর মহিলা প্রশ্নমালা পূরণসহ প্রযোজ্য ক্ষেত্রে ডাক্তারী চিকিৎসা সংক্রান্ত সকল কাগজপত্রের কপি সহ প্রয়োজনীয় অবলিখন চাহিদাদির সাথে দাখিল করতে হবে।

পূর্ণবহালের বিভিন্ন চাহিদাদির জন্য কোম্পানী কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমসমূহ পূরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশিকা অনুসরণ করতে হবেঃ

**তামাদি পলিসি চালু করার বিশেষ ব্যবস্থা (Special Revival of Lapsed Policies)**

যে সমস্ত বীমাগ্রাহক বিলম্ব ফি সহ সকল বকেয়া প্রিমিয়াম একই সাথে জমা করে পলিসি চালু করিয়ে নিতে অপারগ তাদের প্রিমিয়াম বন্ধের তারিখ থেকে ৫ বৎসরের মধ্যে বীমা গ্রাহকের নিজ ব্যয়ে বীমা যোগ্যতার সন্তোষজনক প্রমাণপত্র দাখিল সাপেক্ষে বীমা শুরুর তারিখ ও মেয়াদ পূর্তির তারিখ অগ্রসর করিয়ে পূর্ণবহাল করা যেতে পারে। বীমার শুরুর পরিবর্তিত তারিখে বীমাবৃতের প্রকৃত বয়স নিরূপন করে সে অনুযায়ী নির্ধারিত একটি প্রিমিয়াম কিস্তি এবং এর ভিত্তিকে পূর্বে প্রদত্ত প্রিমিয়ামের পার্থক্য বিলম্ব ফি সহ পরিশোধ করতে হবে। এ অবস্থায় প্রিমিয়াম প্রদান পদ্ধতি অবশ্যই বার্ষিক হিসাব নির্ধারিত হবে। পলিসি মেয়াদকালীন সময়ে এ সুবিধা মাত্র একবারই গ্রহণ করা যায় এবং পলিসি সমর্পন মূল্য অর্জন করলে এ সুবিধা পাওয়া যায় না।

পূর্ণবহালের জন্য বিভিন্ন চাহিদার জন্য নির্ধারিত ফরমসমূহ পূরণের জন্য নিম্নোক্ত নির্দেশিকা অনুসরণ করতে হবেঃ

## নির্দেশিকা

১। **অবিরাম ভাল স্বাস্থ্যের ঘোষনা** ঃ বীমা গ্রাহক পুরুষ হলে এ ফরমে নির্ধারিত ১ নং হতে ৪ নং প্রশ্নে উত্তর সংক্ষিপ্ত আকারে (হ্যাঁ বা না বোধক) দিতে হবে। মহিলা বীমাবৃতের ক্ষেত্রে ১ নং হতে ৭ নং পর্যন্ত সব কয়টি প্রশ্নের প্রযোজ্য ক্ষেত্রে সুস্পষ্ট তারিখ উল্লেখপূর্বক উত্তর করতে হবে। সম্পূর্ণ ফরমটি একই কালি ব্যবহার করে পূরণ ও তারিখসহ প্রস্তাবপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন। একটি অবিরাম ভাল স্বাস্থের ঘোষণা স্বাক্ষরের তারিখ থেকে পরবর্তী ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত গ্রহণযোগ্য থাকে।

২। **ডাক্তারী পরীক্ষার সংক্ষিপ্ত রিপোর্ট** ঃ এ ফরমের দু'টি অংশ রয়েছে। প্রথমটি অবিরাম ভাল স্বাস্থ্যের ঘোষণা যা বীমাবৃত পূরণ করবেন। দ্বিতীয় অংশটি (ডাক্তারী পরীক্ষার সংক্ষিপ্ত রিপোর্ট সরকারী মেডিক্যাল অফিসার অথবা কোম্পানী কর্তৃক অনুমোদিত ডাক্তার দ্বারা পূরণ করাতে হবে। ফরমটি পূরণকালে ডাক্তার যে কালি ব্যবহার করবেন বীমাবৃত নিজেও একই কলম ব্যবহার করে উভয় অংশে সুস্পষ্ট তারিখ উল্লেখসহ প্রস্তাবপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন। মহিলা বীমাবৃতের ক্ষেত্রে কোম্পানী কর্তৃক অনুমোদিত মহিলা ডাক্তার অথবা সরকারী ডাক্তার দ্বারা রিপোর্ট করাতে হবে। স্বাক্ষরের তারিখ থেকে পরবর্তী ৩০ (ত্রিশ) দিন সংক্ষিপ্ত ডাক্তারী পরীক্ষার রিপোর্টের গ্রহণযোগ্যতা থাকে।

৩। **ব্যক্তিগত বিবরণী ও ডাক্তারী** ঃ এ ফরমের দুটি অংশ রয়েছে। প্রথম অংশটি ব্যক্তিগত বিবরণী যা বীমাবৃতের বক্তব্য অনুযায়ী পরীক্ষাকারী ডাক্তার নিজ হাতে পূরণ করবেন। দ্বিতীয় অংশটি (ডাক্তারের গোপনীয় রিপোর্ট) সংশ্লিষ্ট বীমাবৃতকে যথাযথভাবে পরীক্ষ করে ডাক্তার নিজ হাতে পূরণ করবেন। এ ফরমটিও পূরণের সময় উভয় দিকে একই কলম ব্যবহার করতে হবে এবং নির্ধারিত স্থানে বীমাবৃত একই কলম ব্যবহার করে তারিখ সহ স্বাক্ষর করবেন। বীমাবৃতের স্বাক্ষর প্রস্তাবপত্রে প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ হতে হবে এবং পারিবারিক ইতিহাস কোম্পানীর নথিতে সংরক্ষিত তথ্যের সাথে অবশ্যই সংগতিপূর্ণ হতে হবে। স্বাক্ষরের তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাস এ রিপোর্টের গ্রহণযোগ্যতা থাকে, তবে ৩০ (ত্রিশ) দিনের বেশী সময় অতিক্রান্ত হলে অতিরিক্ত চাহিদা হিসেবে "অবিরাম ভাল স্বাস্থ্যের ঘোষণা" এর প্রয়োজন হবে।

৪। **ডাক্তারী পরীক্ষাবিহীন অতিরিক্ত বিবৃতি** ঃ এ ফরমের উভয় পৃষ্ঠা একই কলম ব্যবহার করে পূরণ করতে হবে তারিখ সহ মূল প্রস্তাবপত্রের অনুরূপ স্বাক্ষর করতে হবে। বীমাবৃত পুরুষ হলে ১ নং হতে ৭ নং পর্যন্ত এবং মহিলা ১ নং হতে ৮ নং পর্যন্ত প্রযোজ্য ক্ষেত্রে সঠিক তারিখসহ সবক'টি প্রশ্নের উত্তর দিতে হবে। বীমাবৃতের বর্তমান শারীরিক পরিমাণ (উচ্চতা, বুক, পেটের মাপ ইত্যাদি) এবং পারিবারিক ইতিহাস সঠিকভাবে উল্লেখ করতে হবে এবং তা কোম্পানীর নথিতে সংরক্ষিত তথ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এ বিবৃতি বীমাবৃত সরাসরি প্রেরণ করলে ফরমের উল্লেখিত এজেন্টের বিবৃত অংশটি পূরণের প্রয়োজন হবে না।

৫। **শিশুর স্বাস্থ্য সম্পর্কিত অতিরিক্ত বিবৃতি** ঃ পরিকল্প নং ১০৯, ২০৯, ৩০৯ পরিকল্প নং ১১১, ৩১১ এর জন্য প্রযোজ্য এ ফরমটি প্রিমিয়ামদাতা নিজ হাতে একই কলম ব্যবহার করে সঠিকভাবে পূরণ ও মূল প্রস্তাবপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন। পলিসি শুরুর সময় মনোনীত শিশু যদি টিপসহি দিয়ে থাকে এবং পরবর্তীতে যদি স্বাক্ষরজ্ঞান হয় হবে টিপসহি ও স্বাক্ষর দু'টোই একই কলম ব্যবহার করে নির্ধারিত স্থানে প্রদান করতে হবে এবং প্রিমিয়ামদাতা কর্তৃক

তা সত্যায়িত হতে হবে। স্বাক্ষীও একই কলম ব্যবহার করে প্রিমিয়ামদাতার সম্মুখে স্বাক্ষর প্রদান করবেন। স্বাক্ষরের তারিখ থেকে পরবর্তী ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত এরূপ বিবৃতির গ্রহণযোগ্যতা থাকে।

৬। **মহিলা প্রশ্নমালা ঃ** মহিলা বীমাবৃত পলিসি তামাদিকালীন সময়ে অন্তঃসত্ত্বা থাকলে সন্তান স্বাভাবিক প্রসবের ৯০ (নব্বই) দিন অর্থাৎ ৩ (তিন) মাস এবং সিজারিয়ান অপারেশনের মাধ্যমে প্রসবের ১৮০ (একশ আশি) দিন অর্থাৎ ৬ (ছয়) মাস পর পূর্ণবহালের জন্য অতিরিক্ত চাহিদা হিসেবে কোম্পানী কর্তৃক সরবরাহকৃত এ ফরমটি যথাযথভাবে একই কালি দিয়ে পূরণ ও মূল প্রস্তাবপত্রের অনুরূপ স্বাক্ষর করে পাঠাতে হবে।

৭। **পেশাগত প্রশ্নমালা ঃ** বীমাবৃতের পেশা পরিবর্তনের ক্ষেত্রে অবশ্যই অবলিখন চাহিদা হিসেবে কোম্পানী কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরমে পেশা সংক্রান্ত যাবতীয় বিবৃতি অত্যান্ত সুস্পষ্টভাবে ও প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ বিবরণ দিতে হবে। ফরমটি শুরু থেকে শেষ পর্যন্ত একই কলম ব্যবহার করে পূরণ ও মূল প্রস্তাবপত্রের অনুরূপ স্বাক্ষরিত হতে হবে। বীমাবৃত যে কলম ব্যবহার করবেন, স্বাক্ষীকেও অনুরূপ কলম ব্যবহার করে তারিখ ও পূর্ণ নাম ঠিকান উল্লেখসহ স্বাক্ষর প্রদান করতে হবে।

## পলিসিতে পরিবর্তন ঃ

যে কোন ধরনের পরিবর্তন (ঠিকানা পরিবর্তনসহ) সংশোধন, সংযোজন, বিয়োজন ইত্যাদির জন্য বীমাবৃতের স্বাক্ষরিত (মূল প্রস্তাবপত্রের অনুরূপ) লিখিত আবেদন প্রয়োজন। পরিবর্তনের প্রকৃতি অনুযায়ী প্রয়োজনীয় ফী নিম্নোক্ত হারে প্রযোজ্য হবে ঃ

উল্লেখ্য ঠিকানা পরিবর্তন ব্যতিত অন্য যে কোন পরিবর্তন পলিসি দলিলে পৃষ্ঠাংকণের মাধ্যমে কার্যকর হবে।

| পরিবর্তনের প্রকৃতি | প্রয়োজনীয় পৃষ্ঠাঙ্কন ফী (প্রতি ক্ষেত্রে) |
|---|---|
| মনোনীতক পরিবর্তন ও বয়স প্রমাণ / পৃষ্ঠাঙ্কন (প্রস্তাবপত্রে উল্লেখিত বয়সের চেয়ে প্রমাণিত বয়স কম/ বেশী এর ক্ষেত্রে) | ২৫ টাকা |
| পলিসির মেয়াদ, বয়স কম/ বেশী, পরিকল্প পরিবর্তন, স্বত্বার্পন প্রিমিয়াম প্রদান পদ্ধতি পরিবর্তন, বিশেষ পদ্দতিতে পূর্ণবহাল সহযোগী বীমা সংযোজন ও বিয়োজন, বীমা অংক বৃদ্ধি | ৫০ টাকা |
| বিকল্প বীমা দলিল ইস্যু (বীমা দলিল পুনলিখন) | ২৫ টাকা ও প্রয়োজনীয় পলিসি ষ্ট্যাম্প এর মূল্য |
| বীমা অংক হ্রাস | ৭৫ টাকা |
| ঠিকানা পরিবর্তন, পেশাগত, স্বাস্থ্যগত ও মহিলা অতিরিক্ত সংযোজন ও বিয়োজন, বয়স প্রমান সার্টিফিকেট ইস্যু | প্রয়োজন হবে না। |

## গ্রুপবীমা

কোম্পানীর জন্মলগ্ন থেকেই প্রগতি লাইফ গ্রুপ বীমার মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানের সম্মানিত কর্মকর্তা কর্মচারীগণের গ্রুপ জীবন ও গ্রুপ স্বাস্থ্য বীমার মাধ্যমে বীমা সেবা প্রদান করে আসছে।

### গ্রুপ জীবন বীমা

কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ১০ (দশ) জন কর্মকর্তা/কর্মচারী থাকলেই গ্রুপ বীমা পরিকল্প গ্রহণ করতে পারেন। কোন প্রতিষ্ঠান তাদের কাজের ধরন ও গঠন প্রকৃতির উপর ভিত্তি করে প্রয়োজন উপযোগী গ্রুপ বীমা পরিকল্প গ্রহণ করতে পারেন। গ্রুপ বীমার মাধ্যমে শুধুমাত্র মৃত্যুঝুঁকি অথবা মৃত্যুঝুঁকি ছাড়াও নির্দিষ্ট মেয়াদান্তে লাভসহ সমুদয় / বীমা অংক ফেরত পাওয়া যায় এমন গ্রুপ বীমা পরিকল্প গ্রহন করা যায়।

গ্রুপ বীমা গ্রহণ করলে প্রতিষ্ঠানের কর্মীদের মধ্যে মানসিক প্রশান্তি আসে। ফলে, উৎপাদন বৃদ্ধি পায় দক্ষকর্মী ধরে রাখতে সাহায্য করে ও প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধি পায়। অন্যদিকে অনধিক ৬০ বছর বয়সী সকল সুস্থ কর্মকর্তা ও কর্মচারীগণই সহজশর্তে বীমার আওতায় আসতে পারেন। গ্রুপ বীমার প্রিমিয়াম হার অত্যন্ত কম এবং প্রিমিয়াম বেশীর ভাগ ক্ষেত্রেই প্রতিষ্ঠান কর্তৃক প্রদান করা হয়। যদি প্রিমিয়ামের পুরোটাই অথবা আংশিক কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক প্রদান করা হয় তথাপিও ব্যক্তিগত বীমা থেকেই গ্রুপ বীমার ক্ষেত্রে তুলনামূলক ভাবে প্রতি একক বীমা সুবিধার জন্য কম হারে প্রিমিয়াম প্রদান করতে হয় এবং প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রিবেট পাওয়া যায়।

### গ্রুপ স্বাস্থ্য বীমা ঃ

কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ২৫ (পঁচিশ) জন কর্মকর্তা / কর্মচারী(পরিবারের সদস্যসহ) থাকলেই গ্রুপ স্বাস্থ্য বীমা পরিকল্প গ্রহণ করতে পারেন। জনপ্রতি বছরে ২৫,০০০/-, ৫০,০০০/- ৮০,০০০/-, ১,০০,০০০/- অথবা ১,৫০,০০০/- টাকার বীমা কভারেজ গ্রহণ করতে পারেন। এ বীমার আওতায় বীমাবৃত কোন সদস্য অসুস্থ দূর্ঘটনাজনিত কারণে হাসপাতালে ভর্তি হলে প্রগতি লাইফ উক্ত সদস্যের কভারেজ সীমার মধ্যে কেবিন/বেড ভাড়া, কনসাল্টেশন ফি, ডায়াগনষ্টিক ব্যয়, ঔষধ, সার্জিক্যাল ও এ্যাম্বুলেন্স প্রভৃতির খরচ বহন করবে। গ্রুপ বীমা বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য আমাদের সাথে টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল ঃ info@pragtilife.com অথবা Website : www.pragatilife.com এর মাধ্যমে যোগাযোগ করতে পারেন।